দৈনিক বাংলা

তারিখ 26 NOV 1985
পৃষ্ঠা 1 কলাম 2

014

# স্কুলে ভর্তি পরীক্ষার ভিড়

(স্টাফ রিপোর্টার)

মহানগরীর স্কুলগুলিতে ভর্তির পরীক্ষা চলছে। গতকাল ভিকারুননিসা নূন স্কুলে ১ম শ্রেণীতে ভর্তির পরীক্ষা অনুষ্ঠিত হয়। দু'শ সীটের জন্যে ৭০৩টি শিশু পরীক্ষা দেয়।

শিক্ষাঙ্গনে নিজ নিজ শিশুর একটুকু ঠাঁই নিশ্চিত করার জন্যে

(৫-এর পৃঃ দ্রঃ)

## পরীক্ষার ভিড়

(১ম পৃঃ পর)

উৎকণ্ঠিত অভিভাবকের ভিড়ে সিদ্ধেশ্বরী এলাকা গতকাল সরগরম ছিল। শিশু পরীক্ষার্থী এবং তাদের অভিভাবকদের ভিড় সামলাতে স্কুল কর্তৃপক্ষ ও পুলিশকে হিমশিম খেতে হয়।

ভিকারুননিসা নূন স্কুলে গতকাল প্রথম শ্রেণীর চারটি সেকশনে ভর্তির পরীক্ষা নেয়া হয়। অন্যান্য বছরের চেয়ে জানুয়ারী আসার বেশ আগেই এবছরের ভর্তি পরীক্ষা নেয়া হচ্ছে। ইতিমধ্যে রাজধানীর বেশ কয়েকটি স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। অভিভাবকরা ভালো স্কুলে ছেলেমেয়েদের ভর্তির ব্যাপারে ইতিমধ্যেই নানাভাবে তদবির শুরু করে দিয়েছেন। কারণ, কম সীটে বেশী প্রার্থীর ফলে ভর্তির ব্যাপারে তারা অনিশ্চয়তা ও উদ্বেগের মধ্যে রয়েছেন।



ঢাকার ভিকারুননেসা নূন স্কুলে প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষা রোববার অনুষ্ঠিত হয়। স্কুল গেটের সামনে উদ্বিগ্ন অভিভাবকদের ভীড় —দৈনিক বাংলা